

আশ-শুআ'রা | Ash-Shu'ara | الشُّعْرَاء

আয়াতঃ ২৬ : ১৫

আরবি মূল আয়াত:

قَالَ كَلَّا فَاذْهَبَا بِآيَاتِنَا إِنَّا مَعَكُمْ مُسْتَمِعُونَ ﴿١٥﴾

অনুবাদসমূহ:

আল্লাহ বললেন, 'কখনো নয়। তোমরা উভয়ে আমার নিদর্শনাদিসহ যাও। অবশ্যই আমি আছি তোমাদের সাথে শ্রবণকারী'। — আল-বায়ান

আল্লাহ বললেন, 'কক্ষনো না, তোমরা দু'জনে আমার (দেয়া) নিদর্শন নিয়ে যাও, আমি তোমাদের সঙ্গে থেকে সব কিছু শুনতে থাকব। — তাইসিরুল

আল্লাহ বললেনঃ না কখনই নয়, অতএব তোমরা উভয়ে আমার নিদর্শনসহ যাও, আমি তোমাদের সঙ্গে আছি শ্রবণকারী। — মুজিবুর রহমান

[Allah] said, "No. Go both of you with Our signs; indeed, We are with you, listening. — Sahih International

১৫. আল্লাহ বললেন, না, কখনই নয়, অতএব আপনারা উভয়ে আমাদের নিদর্শনসহ যান, আমরাতো আপনাদের সাথেই আছি, শ্রবণকারী।

তফসীরে জাকারিয়া

(১৫) আল্লাহ বললেন, 'না, কিছুতেই পারবে না। অতএব তোমরা উভয়ে আমার নিদর্শনসহ যাও;[1] নিশ্চয়ই আমি তোমাদের সঙ্গে শ্রবণকারী থাকব। [2]

[1] মহান আল্লাহ সাক্ষ্য দিচ্ছেন যে, তোমরা উভয়ে যাও এবং আমার বাণী পৌঁছে দাও। তোমরা যার আশংকা করছ, তা হতে আমি তোমাদেরকে হিফায়ত করব। 'নিদর্শন' বলতে ঐসব দলীল-প্রমাণাদি, যার দ্বারা প্রত্যেক নবীকে সমৃদ্ধ করা হয়। বা ঐসব মু'জিয়া (অলৌকিক বস্তু) যা মূসা (আঃ)-কে দান করা হয়েছিল; যেমন শুভ্র হাত ও লাঠি ইত্যাদি।

[2] অর্থাৎ, তোমরা যা কিছু বলবে ও সে প্রত্যুত্তরে যা কিছু বলবে, আমি সব শুনব। এতে ভয় পাওয়ার কিছু নেই। আমি তোমাদেরকে রিসালাতের দায়িত্ব দেওয়ার পর তোমাদের নিরাপত্তার ব্যাপারে উদাসীন হব না। বরং আমার সাহায্য তোমাদের সঙ্গে থাকবে। এখানে 'সঙ্গ' বলতে সহায়তা ও সমর্থন বুঝানো হয়েছে।

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=2947>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন